

পাবলিক বিশ্ববিদ্যালয়ে সুনামের সঙ্গে একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য উপাচার্যদের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, উপাচার্যরা নিয়োগ দুর্নীতিসহ বিভিন্ন অনিয়ন্ত্রিত জড়িয়ে পড়েছেন। তাদের কারণে বিশ্ববিদ্যালয়ের সুখ্যাতি নষ্ট হয়। উচ্চশিক্ষার বিদ্যাপীঠ সম্পর্কে নেতৃত্বাচক ধারণা সৃষ্টি হয় সমাজে। কোনো রকম নিয়মনীতি ছাড়াই আত্মায়স্ত্বজন নিয়োগের অভিযোগ উঠেছে কোনো কোনো উপাচার্যের নামে।

শিক্ষামন্ত্রী গতকাল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কাউন্সিল ভবনে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের স্ট্যাভিং কমিটির সঙ্গে এক মতবিনিময়সভায় এ আহ্বান জানান।

advertisement

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সভাপতি ও ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. হাবিবুর রহমানের সভাপতিত্বে এ সভায় বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা অংশগ্রহণ করেন। সভায় দায়িত্ব পালনে উপাচার্যরা যেসব সমাস্যার সম্মুখীন হন তার পাশাপাশি পাবলিক বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অসংগতি ও বৈষম্যগুলো তুলে ধরা হয়। শিক্ষামন্ত্রী মনোযোগ দিয়ে সমাস্যগুলো শোনেন এবং সংশ্লিষ্ট সব কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে সমস্যা সমাধানের আশ্বাস দেন। কয়েক বছর ধরে বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে

উপাচার্যদের নিয়োগ দুর্নীতিসহ নানাবিধ নেতৃত্বাচক কর্মকাণ্ডের ঘটনায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চের কমিশন তদন্ত করে। তদন্তে উপাচার্যের দুর্নীতিও প্রমাণ হয়। গণমাধ্যমে এ খবর প্রকাশের পর শিক্ষামন্ত্রীর সঙ্গে পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের এই বৈঠকের আয়োজন করা হয়।